


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৬৯.০৩- ৬৬২

তারিখ : ২১ কার্তিক ১৪৩০
০৬ নভেম্বর ২০২৩

বিষয় : দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলার ০২ নং পলাশবাড়ী ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আনোয়ারুল ইসলাম এর নামীয় নিকাহ রেজিস্ট্রি লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলার ০২ নং পলাশবাড়ী ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আনোয়ারুল ইসলাম নন্দাইগাঁও বুড়িহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে চাকুরিরত থাকার বিষয়টি জেলা রেজিস্ট্রার, দিনাজপুর এর তদন্তে প্রমাণিত হওয়ায়, নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আনোয়ারুল ইসলাম কারণ দর্শানোর জবাবে নন্দাইগাঁও বুড়িহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে চাকুরি করার বিষয়টি স্বীকার করায় ও তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় এবং জনাব মোঃ আনোয়ারুল ইসলাম এর নামীয় লাইসেন্স বাতিলের বিষয়ে দায়েরকৃত রিট পিটিশন নং-৫৪৪/২০১৬ এ কোন ছুগিতাদেশ না থাকায় তাঁর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো। একইসাথে, শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংশ্লিষ্ট কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আনোয়ারুল ইসলাম এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, দিনাজপুর-কে নির্দেশ প্রদান করা হলো। উক্ত অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত বিধি মোতাবেক প্যানেল প্রস্তুত করে এ বিভাগে প্রেরণের জন্য সাব-রেজিস্ট্রার, বীরগঞ্জ, দিনাজপুর-কে নির্দেশ প্রদান করা হলো।



০৬/১১/২০১৭
(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৭৯.১৩ (১)-৩১৩.

তারিখ : ২১ কার্তিক ১৪৩০
০৬ নভেম্বর ২০২৩

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। জেলা রেজিস্ট্রার, দিনাজপুর।
- ০৬। সাব-রেজিস্ট্রার, বীরগঞ্জ, দিনাজপুর।
- ০৭। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, সাবেক নিকাহ রেজিস্ট্রার, ০২ নং পলাশবাড়ী ইউনিয়ন, বীরগঞ্জ, দিনাজপুর।
- ০৮। অফিস কপি/ গার্ড ফাইল।


০৬/১১/২০১৭
(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮